

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৩।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Private Sector Power Generation Policy of Bangladesh এ নির্ধারিত সকল শর্ত পূরণ সাপেক্ষে, উক্ত policy তে বর্ণিত ব্যবস্থা অনুসারে, দেশের সকল Private Power Generation কোম্পানীর (কয়লাভিত্তিক বিদ্যুৎ উৎপাদনকারী কোম্পানী ব্যতীত) বাণিজ্যিক উৎপাদন ৩১ ডিসেম্বর, ২০১৪ এর মধ্যে আরম্ভ হইবে, সেই সকল Private Power Generation—

- (১) কোম্পানী কেবল বিদ্যুৎ উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর, উহাদের বাণিজ্যিক উৎপাদনের তারিখ হইতে পরবর্তী ১৫ (পনের) বৎসরের জন্য;
- (২) কোম্পানীতে কর্মরত বিদেশী ব্যক্তিগণের আয়ের উপর, বাংলাদেশে তাহাদের আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য;
- (৩) কোম্পানী কর্তৃক গৃহীত বৈদেশিক ঋণের উপর প্রদেয় সুদের উপর;
- (৪) কোম্পানী কর্তৃক প্রদেয় Royalties, Technical Know-how and Technical Assistance Fees এর উপর;
- (৫) কোম্পানীর শেয়ার হস্তান্তরের ফলে উদ্ভূত মূলধনী মুনাফার উপর;

উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। দফা ১ এ বর্ণিত কোম্পানীকে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

প্রজ্ঞাপন

তারিখ, ০৪ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/১৮ নভেম্বর ২০১৩ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং ৩৫৪-আইন/২০১৩।—Income Tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এ বিভাগের ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১১-আইন/আয়কর/২০১৩ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনায় উল্লিখিত '৩১ ডিসেম্বর ২০১৪' সংখ্যাগুলি ও শব্দের পরিবর্তে '৩০ জুন ২০১৬' সংখ্যাগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১১ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ/ ২৫ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৪৬-আইন/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এ বিভাগের ০৪ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ১৮ নভেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ তারিখের এস,আর,ও নং ৩৫৪-আইন/২০১৩ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত “৩০ জুন ২০১৬” সংখ্যাগুলি ও শব্দের পরিবর্তে “৩১ ডিসেম্বর, ২০১৯” সংখ্যাগুলি ও শব্দ প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সিনিয়র সচিব।